গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
প্রশাসন- ১ শাখা
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা) ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নম্বর- ২৬.০৬.০০০০.০০১.৩১.০২৮.১৩/ তারিখ: , ১৪৩৩ বঙ্গাব্দ
, ২০২৬ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ জিয়াউল হক, নৈশ প্রহরী (সাময়িক বরখাস্ত), আরজেএসসি বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম কে **'ইউনিভার্সেল রিফাইনারী লিমিটেড'** নামীয় কোম্পানির একটি ভুয়া বিশেষ সিদ্ধান্ত (ইজিএম) এবং একটি পরিচালকের তালিকা প্রস্তুত করতঃ চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ে জমা, অনৈতিক চাপ প্রয়োগের মাধ্যমে কম্পিউটার অপারেটর জনাব মোঃ জাহিদুল ইসলাম এর মাধ্যমে উপস্থাপন ও সরকারি ফি জমা প্রদান ব্যতিরেকেই সার্টিফাইড কপি প্রস্তুত ও সংগ্রহ করার দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩ (বি) ও (ডি) ধারা অনুযায়ী 'অসদাচরণ (Misconduct), দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহার এর সুনির্দিষ্ট অভিযোগের দায়ে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মচারীকে অভিযোগনামা তৎসঙ্গে অভিযোগ বিবরণী প্রদান করার প্রেক্ষিতে তার দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগনামা তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মচারীর কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (বি) ও (ডি) ধারা অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ন হওয়ার দায়ে দোষী সাব্যস্ত করে তার বিরুদ্ধে গুরুদন্ড "বরখাস্ত" প্রদানের সিদ্ধান্ত নেয়া হয় এবং তাকে কেন এই গুরুদন্ড প্রদান করা হবে না তার জন্য দ্বিতীয় বারের মত কারন দর্শানোর নোটিশ জারি করা হয়।

যেহেতু, দ্বিতীয় কারন দর্শানোর নোটিশের প্রেক্ষিতে তিনি কোন জবাব দাখিল করেননি বরং ০৭-০৬-২০২৬ ও ১৫-০৬-২০২৬ তারিখে ভিন্ন ভিন্ন কারণ উপস্থাপন করে সময় বৃদ্ধির আবেদন দাখিলের মাধ্যমে অযথা কালক্ষেপণ করেছেন। যা দ্বিতীয় কারন দর্শানোর নোটিশের জবাব দাখিল না করার অজুহাত মাত্র।

সেহেতু, জনাব মোঃ জিয়াউল হক, নৈশ প্রহরী, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ (Misconduct), দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহার এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (বি) ও (ডি) মোতাবেক আদেশ জারির তারিখ হতে তাকে **'সরকারি চাকুরি হতে বরখাস্ত (dismissal from service)'** গুরুদন্ড আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ
(এ.কে.এম. নূরুন্নবী কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০১৩৫২৩

CS CamScanner

স্মারক নম্বর- ২৬.০৬.০০০০.০০১.৩১.০২৮.১৩/৭০৫০

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ. আ. সহকারী সচিব, প্রশাসন-০৩ শাখা]।
২. অতিরিক্ত রেজিস্ট্রার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাণিজ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা), সেগুন বাগিচা, ঢাকা।
৪. ডেপুটি রেজিস্ট্রার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি রেজিস্ট্রার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৬. সহকারী রেজিস্ট্রার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. সহকারী রেজিস্ট্রার (আইসিটি শাখা), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা [পরিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য]।
৮. পিএ টু রেজিস্ট্রার [রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৯. জনাব মোঃ জিয়াউল হক, নৈশ প্রহরী, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। [স্থায়ী ঠিকানা: পিতা: মোঃ আব্বাস আলী, মাতা: মোছা: রুকিয়া বেগম, গ্রাম: কুর্শাবাদাগৈড়, ডাকঘর: নকলা, থানা: নকলা, জেলা: শেরপুর]।

২৬/০৭/২৬
(মুহাম্মদ সেলিম মিয়া)
সহকারী রেজিস্ট্রার

CamScanner